



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০১ অক্টোবর ২০২৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতায় ৩৫-৩৩ পয়েন্ট ব্যবধানে নিয়ে চ্যাম্পিয়ন হয়েছে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ এবং রানার্স আপ হয়েছে দর্শন বিভাগ। আজ বিশ্ববিদ্যালয়ের জিমনেসিয়ামে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় হয়েছেন আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী, সর্বোচ্চ স্কোর করেছেন দর্শন বিভাগের শাহানূর রহমান সজীব। এছাড়া ফেয়ার প্লে ট্রফি পেয়েছে ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ।

খেলায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান। উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ, বাস্কেটবল প্রতিযোগিতা পরিচালনা কমিটির সভাপতি ও ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. খন্দকার মোহাম্মদ শরিফুল হুদা, প্রক্টর অধ্যাপক অধ্যাপক ড. এ. কে. এম. রাশিদুল আলম, শারিরিক শিক্ষা অফিসের ভারপ্রাপ্ত পরিচালক বেগম নাছরীনসহ উভয় বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা খেলা উপভোগ করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)